দৈনিক সংবাদ

তারিখ 8 NOV 1986
পৃষ্ঠা ৩ কলাম ৫

23

# কবি আ ন ম বজলুর রশীদের ইন্তেকাল

বিশিষ্ট শিক্ষাবিদ ও কবি আ ন ম বজলুর রশীদ দীর্ঘ রোগ-ভোগের পর গতকাল সোমবার সকালে পিজি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন (ইন্না-লিল্লাহে-- --রাজেউন)। তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

মরহুমের নামাজে জানাজা আজ মঙ্গলবার বাদ আছর বায়তুল মোকাররমে অনুষ্ঠিত হবে। তাঁকে বনানী গোরস্থানে কবর দেয়া হবে।

জনাব রশীদ ৩ পুত্র, ৪ কন্যা, বহু আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। খবর বাসস'র।

## শোক প্রকাশ

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির চেয়ারম্যান মীর আবদুল বাতেন ও সাধারণ সম্পাদক মতিউর রহমান এক বিবৃতিতে বিশিষ্ট শিক্ষাবিদ কবি আ, ন, ম, বজলুর রশীদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সম-বেদনা জ্ঞাপন করেছেন।